



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৫ জানুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

## সেনা-প্রশাসনের বাধা সত্ত্বেও মিঠুন চাকমা'র প্রতি শেষ শ্রদ্ধা নিবেদনের প্রস্তুতি সম্পন্ন

বিভিন্ন স্থানে সেনা-প্রশাসনের বাধা সত্ত্বেও আজ শুক্রবার (৫ জানুয়ারি) খাগড়াছড়ি সদরের স্বনির্ভরস্থ ইউপিডিএফ কার্যালয়ে মিঠুন চাকমা'র প্রতি শেষ শ্রদ্ধা নিবেদনের প্রস্তুতি সম্পন্ন করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।

এর অংশ হিসেবে সকালে কার্যালয়ে কালো পতাকা উত্তোলনসহ বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অর্ধনমিত করে উত্তোলন করা হয়েছে দলীয় পতাকা। এতে ইউপিডিএফ, সহযোগী সংগঠনের নেতা-কর্মীবৃন্দ, শুভানুধ্যায়ী ও এলাকার সর্বস্তরের জনগণ মিঠুন চাকমার মরদেহে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন।

পারিবারিক-ধর্মীয় অনুষ্ঠান শেষে মিঠুনের মরদেহ পার্টি অফিসে আনা হবে।

এদিকে, মিঠুন চাকমার দাহক্রিয়া ও শেষ শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান ভুল করার উদ্দেশ্যে খাগড়াছড়ির পানছড়ি, দীঘিনালা, মানিকছড়ি, লক্ষ্মীছড়ি, জালিয়া পাড়া, গুইমারা, মাটিরঙ্গাসহ বিভিন্ন স্থানে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে আসা লোকজনকে গাড়ি আটকিয়ে তল্লাশি ও বাধা প্রদান করা হচ্ছে।

তবে সেনা-প্রশাসনের বাধা সত্ত্বেও ঢাকা, রাঙামাটি, বান্দরবান, টেকনাফসহ বিভিন্ন এলাকা থেকে অনেকে অনুষ্ঠানে অংশ নিতে খাগড়াছড়িতে এসে পৌঁছেছেন।

ইউপিডিএফ'র খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা সেনা-প্রশাসনের বাধাদানের নিন্দা জানিয়ে বলেছেন, মিঠুন চাকমা হত্যার ঘটনায় সেনা-প্রশাসন যে জড়িত আজকের এই বাধা দানের মাধ্যমেই তা প্রমাণিত হচ্ছে।

তিনি শত বাধা সত্ত্বেও অনুষ্ঠানে অংশ নেয়ার জন্য নেতা-কর্মী, সমর্থক, শুভাকাঙ্ক্ষীসহ সর্বস্তরের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।